



দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ডি আর টাওয়ার (১৩তলা)

বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর সড়ক (বক্স কালভার্ট রোড)

পুরানা পল্টন, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি নম্বর: ০১/২০২৪

তারিখ: ২৭ কার্তিক ১৪৩১
১২ নভেম্বর ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)-এ নিম্নে বর্ণিত সংখ্যক শূন্য পদে এ প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম মোতাবেক অন্যান্য ভাতাদিসহ নির্ধারিত বেতন স্কেলে যোগ্যতাসম্পন্ন প্রার্থী প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

(১) (ক)

পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর	টাঃ ১২,৫০০--৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।	০৪ (চার) টি	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক অথবা সমমানের ডিগ্রী। খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়েই তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। গ) কম্পিউটার পরিচালনায়, এমএস অফিস ও ডাটা এন্ট্রিতে পারদর্শি হতে হবে।

(খ) উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে পদসংখ্যা কম/বেশি হতে পারে।

(২) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

(ক) এস এস সি বা সমমান এবং এইচ এস সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে :

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে :

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি / বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম শ্রেণি / বিভাগ
জিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় শ্রেণি / বিভাগ

(৩) বয়স (২৫/১১/২০২৪ তারিখে) : ক) মুক্তিযোদ্ধার সন্তান ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।

খ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

(৪) আবেদন ফি : পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য টা. ৫০০/- (পাঁচশত টাকা) মাত্র ব্যাংক ড্রাফট/পেমেন্ট অর্ডার "মহাসচিব, আইবিবি" বরাবরে প্রেরণ করতে হবে।

(৫) আবেদনপত্র দাখিলের নিয়মাবলী :

(ক) স্বহস্তে লিখিত আবেদনপত্রে (i) প্রার্থীর নাম (ii) পিতা/স্বামীর নাম (iii) মাতার নাম (iv) স্থায়ী ঠিকানা (v) বর্তমান /পত্র যোগাযোগের ঠিকানা (vi) জন্ম তারিখ (vii) জাতীয়তা (viii) বয়স (২৫/১১/২০২৪ তারিখে) (ix) ধর্ম (x) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) (xi) মোবাইল নাম্বার, ই-মেইল (xii) পে অর্ডার নং (xiii) জাতীয় পরিচয় পত্র নম্বর এবং (xiv) ২ জন রেফারেন্সের নাম উল্লেখ থাকতে হবে।

(খ) জাতীয়তা ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের অনুলিপি এবং অভিজ্ঞতা (যদি থাকে) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তাদ্বারা সত্যায়ন করতে হবে।

(গ) আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা চার কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তাদ্বারা সত্যায়ন করে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত দলিল দাখিল করতে হবে।

(ঙ) প্রার্থীর সাথে পত্র যোগাযোগের লক্ষ্যে স্পষ্ট ঠিকানা সম্বলিত ২ টি খাম মুখ খোলা অবস্থায় প্রেরণ করতে হবে।

(চ) আবেদনপত্রে প্রার্থীকে যথাযথভাবে স্বাক্ষর করতে হবে।

(৬) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।


(৭) চাকুরিরত প্রার্থীগণও স্ব-স্ব কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবেন।

(৮) প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানানো হবে।

(৯) আবেদনপত্র এবং খামের উপরে আবেদনকৃত পদের নাম অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(১০) আবেদনপত্র মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) বরাবরে ২৫/১১/২০২৪ তারিখ, বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাক/কুরিয়ারযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

(১১) দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।


(শেখ জাহাঙ্গীর হোসেন)
সচিব, আইবিবি